# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ২১২/২০১৭-১৮**

**ঢাকা, রোববার, ২৯ এপ্রিল ২০১৮, ১৬ বৈশাখ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখবে অস্ট্রেলিয়া : প্রধানমন্ত্রী শেখ হাসিনা-টার্নবুল বৈঠক

২। অস্ট্রেলিয়ার কাছ থেকে সেরা জ্ঞান আহরণে শিক্ষার্থীদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান

৩। বাংলাদেশকে উন্নত দেশে রূপান্তরের কর্ম-পরিকল্পনার কাজ শুরু
অস্ট্রেলিয়ায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। জ্ঞানভিত্তিক ও প্রযুক্তিনির্ভর কৃষিতে উৎসাহ বাড়াতে হবে : কৃষি অর্থনীতিবিদ সমিতির সেমিনারে স্পিকার

৫। রোহিঙ্গাদের দেখতে কক্সবাজারে নিরাপত্তা পরিষদের প্রতিনিধিদল
আজ কুতুপালং ক্যাম্প পরিদর্শন করবেন

৬। রোহিঙ্গা প্রত্যাবাসনে আসিয়ান নেতাদের ঐকমত্য

৭। বাংলাদেশি পাসপোর্টে বিদেশ গেছে প্রায় আড়াই লাখ রোহিঙ্গা : প্রবাসী কল্যাণমন্ত্রী

৮। আজ শুভ বুদ্ধ পূর্ণিমা : শুভেচ্ছা জানিয়ে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

৯। কারাগারকে সংশোধনাগারে পরিণত করতে কারাবিধি পরিবর্তিত হচ্ছে : আইনমন্ত্রী

চলমান পাতা-২

**১। মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখবে অস্ট্রেলিয়া : প্রধানমন্ত্রী শেখ হাসিনা-টার্নবুল বৈঠক**

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী ম্যালকম টার্নবুল রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন। গতকাল (২৮ এপ্রিল শনিবার) সিডনিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠকে তিনি এ অবস্থান ব্যক্ত করেন। রোহিঙ্গা সংকটের বিষয়ে বাংলাদেশের প্রতি তাঁর দেশের সমর্থনের কথা জানান অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী। বৈঠকে রোহিঙ্গাদের জন্য আরও সহায়তার আশ্বাস দিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের জন্য অস্থায়ী বাসস্থান নির্মাণের বিষয়ে টার্নবুলকে জানান। বৈঠকে ওসানোগ্রাফিতে (সমুদ্রসম্পদ নিয়ে গবেষণা) অস্ট্রেলিয়ার অভিজ্ঞতা কাজে লাগানোর আগ্রহ প্রকাশ করেন শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)। **ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, সমকাল, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা দৈনিক এ বিষয়ে ছবিসহ ছেপেছে।

**২। অস্ট্রেলিয়ার কাছ থেকে সেরা জ্ঞান আহরণে শিক্ষার্থীদের প্রতি প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমুদ্রসম্পদ দেশের অর্থনৈতিক উন্নয়নে কীভাবে কাজে লাগানো যায়, সেদিকে নজর দেওয়ার ওপর গুরুত্বারোপ করেছেন। এক্ষেত্রে অস্ট্রেলিয়ার কাছ থেকে এ ব্যাপারে সেরা জ্ঞান আহরণের সুযোগ গ্রহণের জন্য সে দেশে অধ্যয়নরত বাংলাদেশি শিক্ষার্থীদের প্রতি তিনি আহ্বান জানান। গতকাল (২৮ এপ্রিল শনিবার) সিডনির প্যারাম্যাটায় ওয়েস্টার্ন সিডনি ইউনিভার্সিটির সাউথ ক্যাম্পাস পরিদর্শনকালে এক অনুষ্ঠানের ভাষণে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী তাঁর ভাষণে মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য অস্ট্রেলীয় নাগরিক উইলিয়াম এ এস ওডারল্যান্ডকে শ্রদ্ধাভরে স্মরণ করেন। পরে প্রধানমন্ত্রী ডব্লিউএসইউ ক্যাম্পাসে বঙ্গবন্ধুর ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

**৩। বাংলাদেশকে উন্নত দেশে রূপান্তরের কর্ম-পরিকল্পনার কাজ শুরু**
**অস্ট্রেলিয়ায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার ২০২১ সাল থেকে ২০৪১ সাল পর্যন্তসময়ে বাংলাদেশকে একটি উন্নত দেশে রূপান্তরের প্রয়োজনীয় পরিকল্পনা ও কর্মপন্থা প্রণয়নের কাজ শুরু করেছে। বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা আয়োজিত সিডনিতে গতকাল (২৮ এপ্রিল শনিবার) এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি আরো বলেন, '২০২১ সাল থেকে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে আমরা কীভাবে দেখতে চাই, সেভাবে বাংলাদেশকে উন্নয়নের জন্য আমরা পরিকল্পনা প্রণয়নের কাজ শুরু করেছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৪। জ্ঞানভিত্তিক ও প্রযুক্তিনির্ভর কৃষিতে উৎসাহ বাড়াতে হবে : কৃষি অর্থনীতিবিদ সমিতির সেমিনারে স্পিকার**

উন্নত অর্থনীতিতে রূপান্তরের জন্য দেশের কৃষি কাঠামোয় আমূল পরিবর্তন আনার আহ্বান জানিয়েছেন জাতীয় সংসদের স্পিকার ডা. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (২৮ এপ্রিল শনিবার) কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে বাংলাদেশ কৃষি অর্থনীতিবিদ সমিতির ১৬তম জাতীয় সম্মেলন ও সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। অনুষ্ঠানে স্পিকার বলেন, জ্ঞানভিত্তিক প্রযুক্তিনির্ভর কৃষিখাত প্রতিষ্ঠায় ফসল খামারগুলোর আয়তন বাড়ানোর জন্য উৎসাহ দিতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.৪,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.১)।

**৫।	রোহিঙ্গাদের অবস্থা দেখতে কক্সবাজারে নিরাপত্তা পরিষদের প্রতিনিধিদল আজ কুতুপালং ক্যাম্প পরিদর্শন করবেন**

মিয়ানমারের রাখাইনে সংখ্যালঘু রোহিঙ্গাদের ওপর চালানো বর্বরতা এবং বাংলাদেশ সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপ জানতে কক্সবাজারে গেছেন জাতিসংঘ নিরাপত্তা পরিষদের প্রতিনিধিদলের সদস্যরা। আজ ২৯ এপ্রিল রোববার শরণার্থী ক্যাম্পে রোহিঙ্গাদের খোঁজ-খবর নেবেন তাঁরা। প্রতিনিধিদলে রয়েছেন জাতিসংঘে যুক্তরাজ্যের স্থায়ী প্রতিনিধি এবং নিরাপত্তা পরিষদের বাকি চার স্থায়ী দেশ চীন, ফ্রান্স, রাশিয়া এবং যুক্তরাষ্ট্রের উপ-স্থায়ী প্রতিনিধিরা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৮)।

**৬।	রোহিঙ্গা প্রত্যাবাসনে আসিয়ান নেতাদের ঐকমত্য**

রোহিঙ্গা শরণার্থীদের নিরাপদ ও মর্যাদার সাথে প্রত্যাবাসনের ব্যাপারে আসিয়ান নেতারা একমত পোষণ করেছেন। গতকাল (২৮ এপ্রিল শনিবার) দক্ষিণ-পূর্ব এশিয়ার ১০টি দেশ নিয়ে গঠিত সংগঠন আসিয়ান সম্মেলনে যোগ দিয়ে এ কথা জানিয়েছেন সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সেন লুং। গতকাল এক বিবৃতিতে, আসিয়ান নেতারা দক্ষিণ চীন সাগরে শান্তি প্রতিষ্ঠার ব্যাপারে একমত পোষণ করেন। বিবৃতিতে রোহিঙ্গা শরণার্থীদের নিরাপদ ও মর্যাদার সাথে প্রত্যাবাসনের ব্যাপারে আসিয়ান নেতারা একমত বলেও জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

**৭।	বাংলাদেশি পাসপোর্টে বিদেশ গেছে প্রায় আড়াই লাখ রোহিঙ্গা : প্রবাসী কল্যাণমন্ত্রী**

বাংলাদেশি পাসপোর্ট ব্যবহার করে প্রায় আড়াই লাখ রোহিঙ্গা বিদেশে গেছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। গতকাল (২৮ এপ্রিল শনিবার) রাজধানীর একটি হোটেলে নন-রেসিডেন্ট বাংলাদেশির (এনআরবি) উদ্যোগে 'এসো গড়ি মাতৃভূমি' শীর্ষক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী এ কথা বলেন। প্রবাসী বাংলাদেশিদের আয় দেশে আনতে ভূমিকা রাখার জন্য অনুষ্ঠানে ১০টি ব্যাংককে পুরস্কার প্রদান করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

**৮।	আজ শুভ বুদ্ধ পূর্ণিমা : শুভেচ্ছা জানিয়ে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

শুভ বুদ্ধ পূর্ণিমা আজ। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বৌদ্ধ ধর্মাবলম্বীরা আজ 'বুদ্ধ পূর্ণিমা' উদ্‌যাপন করবেন। দিবসটি বৌদ্ধ ধর্মাবলম্বীদের কাছে একইসঙ্গে শোক ও গৌরবের। ধর্মীয় ভাব-গাম্ভীর্যের মধ্য দিয়ে তাঁরা দিবসটি উদ্‌যাপন করবেন। আজ ২৯ এপ্রিল রোববার সরকারি ছুটির দিন। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণীতে বৌদ্ধ সম্প্রদায়কে শুভেচ্ছা জানিয়েছেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

**৯।	কারাগারকে সংশোধনাগারে পরিণত করতে কারাবিধি পরিবর্তিত হচ্ছে : আইনমন্ত্রী**

কারাগারকে সংশোধনাগারে পরিণত করতে আধুনিক কারা আইন ও পরিবর্ধিত কারাবিধি করা হচ্ছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, কারাবন্দিদের দুর্দশা লাঘবে আইনি কাঠামো তৈরি করা বর্তমান সরকারের অন্যতম অগ্রাধিকারপ্রাপ্ত কর্মসূচি। এ জন্য কারাবন্দিদের যথাসময়ে আত্মপক্ষ সমর্থনে আইনগত সহায়তা দেওয়াসহ প্রয়োজনীয় পুনর্বাসনের প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। গতকাল (২৮ এপ্রিল শনিবার) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় আইনগত সহায়তা দিবসের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির

বক্তব্যে আইনমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **যুগান্তর, যায়যায়দিন :** প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অস্ট্রেলিয়ার সিডনিতে যুক্তরাষ্ট্রভিত্তিক "গ্লোবাল সামিট অন উইমেন" বাংলাদেশে নারী শিক্ষা ও উদ্যোক্তার ক্ষেত্রে নেতৃত্বদানের জন্য 'গ্লোবাল উইমেন'স লিডারশিপ অ্যাওয়ার্ডে' ভূষিত করায় অভিনন্দন জানিয়ে দেশে নারীর অগ্রগতি ও ক্ষমতায়ন আরও ত্বরান্বিত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** বাংলাদেশের বর্তমান খাদ্যশস্য উৎপাদন ১৯৭২-৭৩ সালের তুলনায় প্রায় চারগুণ বৃদ্ধি পাওয়ার খবরে স্বস্তি প্রকাশ করে এ সাফল্যের ধারা অব্যাহত রাখা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **ভোরের কাগজ :** সুনামগঞ্জের টাঙ্গুয়ার হাওরের একটি খালের মুখের বাঁধ দুর্বৃত্তরা কেটে দেওয়ায় শতাধিক হেক্টর জমির ধান তলিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **যায়যায়দিন, সমকাল :** শিশু নির্যাতন, অপহরণ ও হত্যার ঘটনা উদ্বেগজনক হারে বাড়ার কথা উল্লেখ করে এ অবস্থা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **নিউ নেশন :** রাজধানীর সড়কের যানজট নিরসনে ও গণপরিবহণে যাত্রীদের আরামদায়ক নিরাপদ চলাচলের জন্য ফিটনেসবিহীন যানচলাচলে নিষেধাজ্ঞার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

#

মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা